



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
Website: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৬৫-২০১৮/৮৫০

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : বার্ষিক শিক্ষা জরিপ ২০১৮ এর আওতায় On line Software ব্যবহার করে সরকারি কলেজ এর তথ্য প্রেরণ।

সুপ্রিয় অধ্যক্ষ,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। বিষয়োক্ত স্মারক এর প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের শিক্ষা সেক্টরের সকল পোস্ট-প্রাইমারি স্তরের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিতরণের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG 4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে On line Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Educational Statistics 2018 প্রকাশ সহ অন্যান্য প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হবে না।

২। এমতাবস্থায়, আগামী ০১ অক্টোবর থেকে ১০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে আপনার প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ On line ফরম পূরণের নির্দেশিকা

শুভেচ্ছান্তে,


(মোঃ ফসিউল্লাহ)

অতিরিক্ত সচিব ও মহাপরিচালক
ফোনঃ ৯৬৬৫৪৫৭

অধ্যক্ষ

E-mail: info@banbeis.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৬। অফিস নথি